# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৬. কাউকে প্রস্রাব কিংবা পায়খানারত অবস্থায় সালাম দেয়া

জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: জনৈক ব্যক্তি নবী (সা.) এর পাশ দিয়ে যাওয়ার সময় তাঁকে প্রস্রাবরত অবস্থায় সালাম দিলে রাসূল (সা.) তাকে ডেকে বললেন:

إِذَا رَأَيْتَنِيْ عَلَى مِثْلِ هَذِهِ الْـحَالَةِ فَلاَ تُسَلِّمْ عَلَيَّ ، فَإِنَّكَ إِنْ فَعَلْتَ ذَلِكَ لَمْ أَرُدَّ عَلَيْكَ

“যখন তুমি আমাকে এমতাবস্থায় দেখবে তখন আমাকে সালাম করো না। কারণ, তুমি আমাকে এমতাবস্থায় সালাম করলে আমি তোমার সালামের উত্তর দেবো না”।[1]

ফুটনোট

[1] (ইবনু মাজাহ্, হাদীস ৩৫৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11276

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন